

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর  
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬  
[www.dpe.gov.bd](http://www.dpe.gov.bd)

স্মারক নং-৩৮.০১.০০০০.১০৭.২৩.০৩.২০১৭-১৩৯৩

তারিখ:

১৯ শ্রাবণ, ১৪২৪।  
৩ আগস্ট, ২০১৭।

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালন সংক্রান্ত।

সূত্র : (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১৬ জুলাই ২০১৭ তারিখের ৩৮.০০২.০২৩.০০.০০.০০১.২০০৬-২৬২১ নং স্মারক।  
(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ৩০ জুলাই ২০১৭ তারিখের ৩৮.০১.০০০০.১০৭.২৩.০০৩৬.২০১৭-১৩৬৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪২তম শাহাদত বার্ষিকীতে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০১৭ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের জন্য নিম্নোক্ত কর্মসূচিসমূহ পালনের জন্য তাঁর দপ্তর ও আওতাধীন সকল দপ্তর/প্রতিষ্ঠানে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

২। জাতীয় শোক দিবস উপলক্ষে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসহ প্রাথমিক বিদ্যালয়, আনন্দ স্কুল, শিশু কল্যাণ ট্রাস্টের স্কুল ও ইবতেদায়ী মাদ্রাসাসমূহে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা সঠিক নিয়মে যথাযথভাবে উত্তোলনপূর্বক অর্ধনমিত রাখতে হবে।

৩। আবশ্যিকভাবে প্রত্যেক জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা/থানা শিক্ষা অফিস, ইউআরসিসহ সকল প্রাথমিক বিদ্যালয় ও ইবতেদায়ী মাদ্রাসায় আলোচনা সভা, জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শন, হামদ-নাত্ প্রতিযোগিতা, মিলাদ-মাহফিল ও দোআ'র ব্যবস্থা করতে হবে। আলোচনা সভায় কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষকদের উপস্থিতি বাধ্যতামূলক। এদিন কোন ধরনের ছুটি বা সদর দপ্তর ত্যাগের অনুমতি দেয়া যাবে না।

৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জেলা তথ্য কেন্দ্র থেকে জাতীয় শোক দিবস ২০১৭ এর পোস্টার সংগ্রহ করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের নিকট হতে সুপার, ইউইও/টিইও, ইউআরসি ইন্সট্রাক্টর উক্ত পোস্টার সংগ্রহ করবেন এবং এইউইও ক্লাস্টার অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে তিনটি করে পোস্টার বিতরণ নিশ্চিত করবেন। সংগৃহীত পোস্টার সংশ্লিষ্ট স্কুলে লাগানো হয়েছে কিনা সে বিষয়ে সংশ্লিষ্ট এইউইও/এটিইও ইউইও/টিইও বরাবর রিপোর্ট করবেন। ইউইও/টিইও বাস্তবায়ন প্রতিবেদন ডিপিইও বরাবর পাঠাবেন।

৫। জাতীয় শোক দিবস ২০১৭ উপলক্ষে সকল কর্মসূচিতে সার্বিক নিরাপত্তার স্বার্থে সার্বক্ষণিকভাবে পুলিশ ও প্রশাসনের সঙ্গে যোগাযোগ রাখতে হবে। একই সাথে সকলকে নিজস্ব নিরপত্তা ব্যবস্থার প্রতি লক্ষ্য রাখার জন্য অনুরোধ করা হলো।

৬। প্রতিটি প্রাথমিক বিদ্যালয় ও ইবতেদায়ী মাদ্রাসায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে সারা বছর আলোচনা সভা পরিচালনা করতে হবে।

৭। জেলা পর্যায়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা পর্যায়ে উপজেলা শিক্ষা অফিসার উপরোল্লিখিত কর্মসূচিসমূহ পর্যবেক্ষণ করে বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ করবেন। সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তাঁর জেলায় ১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালনের ফলোআপ রিপোর্ট বিভাগীয় ডিডি বরাবর প্রেরণ করবেন এবং বিভাগীয় ডিডি তাঁর আওতাভুক্ত বিভাগের ফলোআপ রিপোর্ট অধিদপ্তরে প্রেরণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

এ.এইচ.এম গোলাম কিবরিয়া  
উপপরিচালক (সংস্থাপন)  
ফোন-৫৫০৭৪৯২৩

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর বিভাগ (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ)।
  - ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)..... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ)।
  - ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই, (সকল)..... (অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানে অবহিতকরণসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার অনুরোধসহ)।
  - ৪। থানা/উপজেলা শিক্ষা অফিসার (সকল).....।
- অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
- ১। পরিচালক, প্রশাসন/প্রশিক্ষণ/ মনি: ও মূল্যা:/পরি: ও উন্ন:/পলিসি: ও অসা:/অর্থ/সেকেন্ড চান্স/প্রোগাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
  - ২। সিস্টেম ম্যানেজার, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
  - ৩। জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), (দায়িত্বপ্রাপ্ত জেলার জাতীয় শোক দিবস-২০১৭ পালন সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের তদারকী করার অনুরোধসহ)।
  - ৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
  - ৫। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।